মুজিবনগরে ৫৫তম জাতীয় সমবায় দিবস উদযাপন

‘করব সমবায়, গড়ব দেশ, সবার জন্য বাংলাদেশ’ এই প্রতিপাদ্যে মেহেরপুরের মুজিবনগরে ৫৫তম জাতীয় সমবায় দিবস-২০২৬ উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

রোববার (৮ নভেম্বর) সকাল সাড়ে ১০টায় উপজেলা পরিষদ চত্বরে জাতীয় সংগীতের সুরে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির কর্মসূচি শুরু হয়। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা রূপায়ণ দেবের নেতৃত্বে একটি বর্ণাঢ্য সমবায় র্যালি বের করা হয়।

র্যালিটি উপজেলার প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে গিয়ে শেষ হয়। পরে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা সমবায় কার্যালয়ের আয়োজনে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা সমবায় কর্মকর্তা মোহসিনুজ্জামান। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের সহকারী খাদ্য পরিদর্শক গিয়াস উদ্দিনের সঞ্চালনায় সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রূপায়ণ দেব।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর আনসার ব্যাটালিয়নের কমান্ডার জেসমিন আরা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মামুন উদ্দিন আল আজাদ, মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মুস্তাফিজুর রহমান এবং মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী অমর ফারুক প্রিন্স।

এ সময় মুজিবনগর উপজেলায় সমবায় অধিদপ্তরের আওতায় পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

মুজিবনগরে যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে শনিবার (৭ নভেম্বর) উপজেলা প্রশাসনের উদ্যোগে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সকাল ১০টায় উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রুপায়ন দেব।

সভায় ১৯৭৫ সালের ৭ নভেম্বরের ঐতিহাসিক প্রেক্ষাপট ও দিবসটির তাৎপর্য নিয়ে আলোচনা করা হয়। বক্তারা জাতীয় জীবনে দিবসটির গুরুত্ব, দেশপ্রেম, জাতীয় ঐক্য ও দেশের প্রতি দায়িত্ববোধের ওপর গুরুত্বারোপ করেন।

এ সময় মুজিবনগর উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার হাজী আহসান আলী খান তাঁর বক্তব্যে বীর মুক্তিযোদ্ধা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে বারবার ‘জিয়া সাহেব’ বলে উল্লেখ করেন। এতে যথাযথ সম্মান প্রদর্শন করা হয়নি বলে মন্তব্য করেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম। তিনি বীর মুক্তিযোদ্ধাদের প্রতি সম্মান জানিয়ে এ ধরনের বক্তব্যের তীব্র নিন্দা জানান।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের সহকারী খাদ্য পরিদর্শক গিয়াস উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাশ, উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, উপজেলা জামায়াতের আমির খানজাহান আলী, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আসাদুজ্জামান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খানসহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা, সাংবাদিক, শিক্ষক-শিক্ষার্থী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

এ ছাড়া উপজেলা বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে নতুন কুঁড়ি স্পোর্টস সিজন-২ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা

খেলাধুলা শুধু বিনোদনের মাধ্যম নয়, বরং একটি সুস্থ, সুন্দর ও মাদকমুক্ত সমাজ গঠনের অন্যতম হাতিয়ার। তরুণ প্রজন্মকে খেলাধুলার প্রতি আগ্রহী করে তোলা এবং তাদের সুপ্ত প্রতিভা বিকাশের লক্ষ্যে মেহেরপুরের মুজিবনগরে নতুন কুঁড়ি স্পোর্টস (সিজন-২) উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) বিকেল ৩টার দিকে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে এ উপলক্ষে একটি র্যালি বের করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা রূপায়ণ দেবের নেতৃত্বে র্যালিতে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ, অতিথি ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

পরে উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন, নতুন প্রজন্মকে মাদক, অপরাধ ও সামাজিক অবক্ষয় থেকে দূরে রাখতে খেলাধুলার বিকল্প নেই। খেলাধুলা শিশু-কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশের পাশাপাশি শৃঙ্খলাবোধ, নেতৃত্বের গুণাবলি, পারস্পরিক সম্প্রীতি ও প্রতিযোগিতার মনোভাব গড়ে তোলে। নতুন কুঁড়ি স্পোর্টসের মতো আয়োজন প্রত্যন্ত অঞ্চলের প্রতিভাবান শিশু-কিশোরদের সামনে এগিয়ে যাওয়ার সুযোগ তৈরি করবে।

তিনি আরও বলেন, গ্রামের আনাচে-কানাচে অনেক প্রতিভাবান খেলোয়াড় রয়েছে, যারা যথাযথ সুযোগ ও পরিচর্যার অভাবে নিজেদের প্রতিভা বিকাশের সুযোগ পায় না। এ ধরনের উদ্যোগের মাধ্যমে তাদের প্রতিভা বিকশিত হবে এবং জাতীয় পর্যায়ে নিজেদের যোগ্যতা প্রমাণের সুযোগ তৈরি হবে।

আলোচনা সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ উত্তম কুমার, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্সসহ উপজেলা প্রশাসনের কর্মকর্তা, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট ব্যক্তিরা।

এ সময় নতুন প্রজন্মের মধ্যে খেলাধুলার চর্চা ছড়িয়ে দেওয়ার প্রত্যয় ব্যক্ত করা হয়।

সীমান্তের কাঁটাতারে বিচ্ছিন্ন যোগাযোগ, ৫০ বছর পর বাবার নিথর দেহ দেখলেন মেয়ে

সীমান্তের কাঁটাতারের বেড়া বিচ্ছিন্ন করে দিয়েছিল দীর্ঘদিনের পারিবারিক যোগাযোগ। অবশেষে বাবার মৃত্যুসংবাদ পেয়ে প্রায় ৪৫ থেকে ৫০ বছর পর শেষবারের মতো বাবার নিথর দেহ দেখার সুযোগ পেলেন বাংলাদেশে বসবাসরত বড় মেয়ে ফিরদৌসী খাতুন।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) সকাল ১১টার দিকে মেহেরপুরের মুজিবনগর স্বাধীনতা সড়কের ১০৫ নম্বর সীমান্ত পিলারসংলগ্ন শূন্যরেখায় বাবাকে শেষবারের মতো দেখেন তিনি।

মৃত মোনরুদ্দিন শেখের বাড়ি ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া জেলার চাপড়া থানার হৃদয়পুর গ্রামে। মৃত্যুকালে তাঁর বয়স ১০০ বছরের বেশি বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে। ছয় সন্তানের মধ্যে তাঁর তিন ছেলে ও তিন মেয়ে। সন্তানদের মধ্যে বড় মেয়ে ফিরদৌসী খাতুনের বিয়ে হয় বাংলাদেশের মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের সোনাপুর নতুনপাড়ায়।

প্রায় ৪৫ থেকে ৫০ বছর আগে ইসরাফিলের সঙ্গে বিয়ের পর বাংলাদেশে বসবাস শুরু করেন ফিরদৌসী খাতুন। পরবর্তী সময়ে ভারত-বাংলাদেশ

সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের পর বাবার বাড়ির সঙ্গে তাঁর যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। দীর্ঘদিন বাবার সঙ্গে সরাসরি দেখা কিংবা যোগাযোগের সুযোগ হয়নি তাঁর।

বাবার মৃত্যুসংবাদ পাওয়ার পর শেষবারের মতো তাঁকে দেখার সুযোগ করে দিতে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর উদ্যোগে শূন্যরেখায় সাক্ষাতের ব্যবস্থা করা হয়।

এ সময় বাংলাদেশের পক্ষে নেতৃত্ব দেন বিজিবির মুজিবনগর কোম্পানি সদর কোম্পানি কমান্ডার সুবেদার এনায়েত হোসেন। অন্যদিকে ভারতের পক্ষে ছয় সদস্যের একটি দল উপস্থিত ছিল। দলটির নেতৃত্বে ছিলেন এএসআই সুনীল কুমার।

দীর্ঘ কয়েক দশকের বিচ্ছেদের পর বাবাকে শেষবারের মতো দেখার এই সুযোগে সীমান্তের শূন্যরেখায় এক আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়।

মুজিবনগর সীমান্তে ৭ কোটি টাকার ৩২টি স্বর্ণের বারসহ আটক ২

মেহেরপুরের মুজিবনগর সীমান্তে অভিযান চালিয়ে ৩২টি স্বর্ণের বারসহ দুই ব্যক্তিকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। উদ্ধার করা স্বর্ণের আনুমানিক ওজন ৩ কেজি ৯৪১ গ্রাম এবং বাজারমূল্য ৭ কোটি ৩৫ লাখ ১৯ হাজার ৩৫৫ টাকা।

রবিবার (১ নভেম্বর) দুপুরে মেহেরপুরের মুজিবনগর উপজেলার নাজিরাকোনা সীমান্ত এলাকার নাগারবিল থেকে তাঁদের আটক করা হয়।



চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের (৬
বিজিবি) অধিনায়ক লেফটেন্যান্ট
কর্নেল মো. নাজমুল হাসান প্রেস
বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

আটক ব্যক্তিরা হলেন, মুজিবনগর উপজেলার সোনাপুর নতুনপাড়া গ্রামের আবু বক্করের ছেলে মো. আসাদুল (৫০) এবং একই গ্রামের মাদারের ছেলে মো. জুয়েল হোসেন (৩০)।

বিজিবি সূত্রে জানা যায়, গোপন তথ্যর ভিত্তিতে নাজিরাকোনা বিওপির দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার ১১০-এর প্রায় ৭০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে নাগারবিল এলাকা দিয়ে স্বর্ণ পাচারের চেষ্টা চলছে। এ তথ্যের ভিত্তিতে ব্যাটালিয়ন অধিনায়কের নির্দেশনায় হাবিলদার মো. শামীমুর রহমানের নেতৃত্বে বিজিবির একটি টহলদল ওই এলাকায় কৌশলগত অবস্থান নেয়।

পরে দুপুর আনুমানিক ১২টা ৪০ মিনিটে দুই ব্যক্তিকে একটি ব্যাগ নিয়ে সীমান্তের দিকে যেতে দেখে টহলদল তাঁদের চ্যালেঞ্জ করে। এ সময় তাঁরা ব্যাগটি ফেলে পালানোর চেষ্টা করলে বিজিবি সদস্যরা ধাওয়া করে দুজনকে আটক করেন। পরে উপস্থিত জনসাধারণের সামনে ব্যাগ তল্লাশি করে ৩২টি স্বর্ণের বার উদ্ধার করা হয়।

বিজিবি জানায়, আটক দুই ব্যক্তিকে মুজিবনগর থানায় হস্তান্তর এবং উদ্ধার করা স্বর্ণ মেহেরপুর ট্রেজারি অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের (৬ বিজিবি) অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজমুল হাসান জানান, সীমান্তে চোরাচালান, মাদক পাচার ও অন্যান্য অপরাধ দমনে বিজিবি সতর্ক ও তৎপর রয়েছে। দেশের সীমান্ত সুরক্ষা এবং চোরাচালানমুক্ত সীমান্ত নিশ্চিত করতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

মুজিবনগরে বর্ণাঢ্য আয়োজনে জাতীয় যুব দিবস উদযাপন

“দক্ষ যুব গড়বে দেশ, সবার জন্য বাংলাদেশ”—এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে জাতীয় যুব দিবস-২০২৬ উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালী,আলোচনা সভা, সনদপত্র ও যুব ঋণের চেক বিতরণ এবং ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

রোববার (১ নভেম্বর) সকাল ১১টায় দিবসটি উদযাপন উপলক্ষে মুজিবনগর উপজেলা পরিষদ চত্তর থেকে একটি বর্ণাঢ্যা র্যালী উপজেলার প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে আলোচনা সভা, সনদপত্র ও যুব ঋণের চেক বিতরণ এবং ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

র্যালী ও আলোচনা সভায় মুজিবনগর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোস্তাফিজুর রহমান এর সভাপতিত্ব প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা রুপায়ন দেব।

অনুষ্ঠানে যুবসমাজকে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলা, আত্মকর্মসংস্থান সৃষ্টি, বেকারত্ব হ্রাস এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে তরুণদের সম্পৃক্ত করার বিষয়ে আলোচনা করা হয়। পাশাপাশি প্রশিক্ষণপ্রাপ্ত যুবকদের মধ্যে সনদপত্র ও যুব ঋণের চেক বিতরণ এবং ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনের মাধ্যমে যুবকদের কর্মমুখী প্রশিক্ষণ ও স্বাবলম্বী হওয়ার সুযোগ সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়।

যুবসমাজ দেশের উন্নয়ন ও অগ্রগতির অন্যতম চালিকাশক্তি। যথাযথ প্রশিক্ষণ, আর্থিক সহায়তা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা গেলে তরুণেরা নিজেদের দক্ষতা কাজে লাগিয়ে আত্মনির্ভরশীল হওয়ার পাশাপাশি জাতীয় অর্থনীতিতেও গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবেন।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রয়কের কার্যালয়ের সহকারী খাদ্য পরিদর্শক গিয়াস উদ্দিন এর সঞ্চালনায়,র্যালী ও আলোচনা সভায় উপস্হিত থেকে বক্তব্য রাখেন,উপজেলা নির্বাহী অফিসার রুপায়ন দেব,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোস্তাফিজুর রহমান,মেহেরপুর জেলা বিএনপির

সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ,উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমান,মুজিবনগর প্রসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স,সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি ম্যানেজার বিপুল রেমা,সুজন এর উপজেলা সভাপতি ওয়াজেদ আলী খাঁন, সুশান্তা স্বেচ্ছাসেবী সংস্থা সাধারণ সম্পাদিকা সাফিয়া শারমিন,ওয়াই পি এ জি এর কো অর্ডিনেটর রিয়াজ শেখ, আত্মকর্মী সফল যুবক আতিয়ার রহমান।

জাতীয় যুব দিবসের এ আয়োজনের মাধ্যমে যুবসমাজকে দক্ষতা অর্জন, উদ্যোক্তা হওয়ার মানসিকতা গড়ে তোলা এবং কর্মমুখী উদ্যোগে অংশগ্রহণে উৎসাহিত করার প্রত্যাশা করা হয়।

আলোচনা এ সময় উপস্থিত ছিলেন বিভিন্ন এলাকার যুবক ও যুবতীর এবং যুব উন্নয়নের প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য সদস্যবৃন্দ।

মুজিবনগরে ভূমিদস্যুতা, সন্ত্রাস, চাঁদাবাজি ও মাদক কারবারের বিরুদ্ধে প্রেস ব্রিফিং

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের রশিকপুর গ্রামে ভূমিদস্যুতা, সন্ত্রাস, চাঁদাবাজি, অবৈধ অস্ত্রের ব্যবহার ও মাদক কারবারের বিরুদ্ধে সচেতন নাগরিকদের ব্যানারে প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৮ অক্টোবর) বিকেল সাড়ে ৪টার দিকে রশিকপুর গ্রামের মধ্যপাড়ায় গ্রামের সর্বস্তরের জনগণের আয়োজনে এ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মুজিবনগর উপজেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক ও মোনাখালী ইউনিয়ন বিএনপির

মুজিবনগরে বিএনপি’র দুই পক্ষের সংঘর্ষ, আহত ৩

মেহেরপুরের মুজিবনগরে বিএনপির দুই পক্ষের ভয়াবহ সংঘর্ষে তিন জন আহত হয়েছে। বুধবার (২১ অক্টোবর) সন্ধ্যা ৭টার দিকে মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামে রাজনৈতিক সহিংসতা জের ধরে এই ঘটনা ঘটে

আহতরা হলেন, মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামের এরশাদ আলী, মাহাতাব উদ্দিন ওরফে পচা ও আসলাম হোসেন। আহতদের মধ্যে এরশাদ মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য এবং আসলাম হোসেন ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি।

স্থানীয়রা জানায়, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে সদস্য (মেম্বার) পদে প্রার্থী হওয়াকে কেন্দ্র করে সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ ও সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুলের সমর্থকদের মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে তা দুইপক্ষের সংঘর্ষে রূপ নেয়। এ সময় দেশীয় অস্ত্র ও লাঠিসোঁটা দিয়ে হামলার ঘটনায় মাহাতাব উদ্দিন, আসলাম হোসেন ও এরশাদ আহত হন। পরে পরিবারের সদস্য ও স্থানীয়রা আহতদের উদ্ধার করে প্রথমে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও মেহেরপুরে জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

খবর পেয়ে মুজিবনগর থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সংঘর্ষের ঘটনাকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

মুজিবনগর থানার ওসি তদন্ত সেলিম জাহাঙ্গীর সংঘর্ষের বিষয়টি নিশ্চিত করে বলেন,বিএনপির দুটি গ্রুপের মধ্যে রাজনৈতিক পূর্ব শত্রুতা জের ধরে সংঘর্ষের ঘটনা ঘটে । সংঘর্ষে তিনজন আহত হয়েছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। এই ঘটনায় লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

সীমান্তের শূন্যরেখায় মায়ের শেষ মুখ দেখলেন মেয়ে

মেহেরপুরের মুজিবনগর সীমান্তে শূন্যরেখায় মায়ের মরদেহ শেষবারের মতো দেখার সুযোগ পেলেন বাংলাদেশে থাকা মেয়ে ও জামাই।

ভারত-বাংলাদেশ সীমান্তের ১০৯ নম্বর প্রধান পিলারের কাছে বিজিবি ও বিএসএফের সমন্বয়ে তাঁদের এ সুযোগ করে দেওয়া হয়।

জানা গেছে, ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া জেলার চাপড়া থানার মালিয়াপোতা পোস্টের গোবিন্দপুর গ্রামের বাসিন্দা মোছা. জায়রা
(৭০) বার্ধক্যজনিত ও শারীরিক অসুস্থতার কারণে নিজ বাড়িতে মারা যান।

মায়ের মৃত্যুর খবর পেয়ে মেহেরপুরের মুজিবনগর উপজেলার ভবানীপুর গ্রামের বাসিন্দা তাঁর মেয়ে হাফিজা খাতুন ও জামাই ফিকির আলী শেষবারের মতো মরদেহ দেখার ইচ্ছা প্রকাশ করেন। বিষয়টি বিজিবিকে জানানো হলে সীমান্তে নিরাপত্তার দায়িত্বে থাকা বাংলাদেশ ও ভারতের সীমান্তরক্ষী বাহিনীর সমন্বয়ে মরদেহ দেখানোর ব্যবস্থা করা হয়।

পরে মুজিবনগর উপজেলার নাজিরাকোনা বিওপির বিজিবি টহল কমান্ডার হাবিলদার শরিফুল ইসলামসহ পাঁচজন বিজিবি সদস্য এবং বিএসএফের ইন্সপেক্টর এস কে রায়সহ পাঁচজন বিএসএফ সদস্যের উপস্থিতিতে ১০৯ নম্বর প্রধান পিলারের কাছে শূন্যরেখায় মরদেহটি দেখানো হয়।

মরদেহ দেখার পর আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়। মায়ের মুখ শেষবারের মতো দেখতে পেরে বিজিবি ও বিএসএফ সদস্যদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন হাফিজা খাতুন ও তাঁর স্বামী ফিকির আলী। এ সময় উপস্থিত সীমান্তরক্ষী সদস্যরাও তাঁদের প্রতি সহানুভূতি জানান।মরদেহ দেখানো শেষে ভারতের নিজ গ্রামে ধর্মীয় রীতিনীতি অনুযায়ী জায়রার দাফন সম্পন্ন হয়।

মুজিবনগরে আমবাগান থেকে গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাবুপুর গ্রামের একটি আমবাগান থেকে রজনী খাতুন (২৫) নামে এক গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

মঙ্গলবার (১৩ অক্টোবর) সকালে স্থানীয়রা বাবুপুর মাঠের একটি ব্রিজের পাশের আমবাগানে গাছের সঙ্গে ঝুলন্ত অবস্থায় তার মরদেহ দেখতে পান। পরে পুলিশকে খবর দেওয়া হয়।

নিহত রজনী খাতুন মুজিবনগর থানার রশিকপুর গ্রামের রইদুল শেখের মেয়ে এবং উপজেলার সোনাপুর নতুনপাড়া গ্রামের রিপন শেখের স্ত্রী।

স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে কয়েকজন ব্যক্তি হাঁটতে বের হয়ে বাবুপুর মাঠের একটি ব্রিজের পাশের আমবাগানে রজনী খাতুনের মরদেহ ঝুলতে দেখেন। খবর ছড়িয়ে পড়লে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়।

খবর পেয়ে মুজিবনগর থানা-পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস জানান, খবর পাওয়ার পর পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করেছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।